

# কদমতলা পূর্ব বাসবো স্কুল এন্ড কলেজ

KPB School and College

Online assignment -২০২০

বিষয়- ভূগোল ও পরিবেশ

শ্রেণী- ১০ম

সময়-২ঘন্টা

পূর্ণমান: ৫০

সৃজনশীল প্রশ্ন।

৫X১০=৫০

১। শিশির সোমবার সকাল ৯ টায় ঢাকা থেকে লন্ডনের উদ্দেশ্যে রওয়ানা দিলেন। লন্ডনের হিথো বিমান বন্দরে নামার পর তিনি দেখলেন বিমানবন্দরের ঘড়িতে সন্ধ্যা ৬ টা। কিন্তু নিজের ঘড়িতে তখন রাত ১২ টা।

ক) স্থানীয় সময় কাকে বলে? ১

খ) প্রমাণ সময় বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ) শিশিরের দেখা শহরটির দ্রাঘিমা  $0^\circ$  হলে ঢাকার দ্রাঘিমা কত? নির্ণয় কর। ৩

ঘ) উদ্দীপকে উল্লিখিত স্থানের সময়ের সঙ্গে ঢাকার সময়ের তারতম্য হওয়ার কারণ বিশ্লেষণ কর। ৪

২। বিপ্র ও কমল কর্মসংস্থানের উদ্দেশ্যে ইতালি গেলেন। একদিন বিকালে তারা ঘুরতে গিয়ে দেখতে পান একটি স্থানের ভূমি খাড়া ঢালবিশিষ্ট এবং দেখতে অনেকটা মোচাকৃতির। কথাপ্রসঙ্গে তারা জানতে পারেন বিপ্রর বাড়ি বাংলাদেশের বান্দরবান এবং কমলের বাড়ি খুলনায়।


ক) নদী উপত্যকা কাকে বলে? ১

খ) উর্ধ্বগতিতে নদী উপত্যকা 'V' আকৃতির হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ) বিপ্র ও কমলের দেখা ভূমিরূপটির ভূপ্রাকৃতিক গঠন বৈশিষ্ট্য ব্যাখ্যা কর। ৩


ঘ) তাদের উভয়ের বাড়ি যে যে অঞ্চলে অবস্থিত সেই অঞ্চল দুটির ভূমির গঠন বৈশিষ্ট্যের তুলনামূলক বিশ্লেষণ কর। ৪

৩। নিচের চিত্রটি লক্ষ্য কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও।



চিত্রঃ সমুদ্র তলদেশের ভূমিরূপ

- ক) মহাসাগর কাকে বলে? ১
- খ) চিত্রটি এঁকে A থেকে E পর্যন্ত চিহ্নিত স্থানগুলোর নাম লিখ। ২
- গ) চিত্রে B স্থানের বৈশিষ্ট্যসমূহ ব্যাখ্যা কর। ৩
- ঘ) চিত্রে C ও D স্থান চিহ্নিত করে তুলনামূলক বিশ্লেষণ কর। ৪
- ৪। নীচের চিত্রটি লক্ষ্য কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও।



চিত্রঃ বাংলাদেশ

- ক) বাংলাদেশের সর্বোচ্চ শৃঙ্গ তাজিনডং এর উচ্চতা কত? ১
- খ) প্লাইস্টোসিন কালের সোপান বলতে কী বোঝায়? ২
- গ) মানচিত্রে P চিহ্নিত স্থানের ভূপ্রকৃতি ব্যাখ্যা কর। ৩
- ঘ) Q ও R স্থান দুটির মধ্যে কোনো সাদৃশ্য আছে কি? তোমার উত্তরের স্বপক্ষে যুক্তি উপস্থাপন কর। ৪
- ৫। রানার বাড়ি দেশের উত্তর পশ্চিমাঞ্চলে। সেখানে একটি শিল্প গড়ে উঠেছে যার কাঁচামাল বাইরের দেশ থেকে আমদানী করা হয়। অপরদিকে আবিরের বাড়ি দেশের উত্তর পূর্বাঞ্চলে সেখানে একটি শিল্প গড়ে উঠেছে যা দেশের খাদ্য উৎপাদন বৃদ্ধিতে সহায়তা করে।
- ক) শিল্প কী? ১
- খ) বাংলাদেশে পাট শিল্প গড়ে উঠার কারণ ব্যাখ্যা কর। ২
- গ) রানার অঞ্চলে গড়ে উঠা শিল্পটি ব্যাখ্যা কর। ৩
- ঘ) আবিরের অঞ্চলের শিল্পটির ভবিষ্যৎ সম্ভাবনা কতটুকু সে সম্পর্কে মতামত দাও। ৪